



পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

আচার্য প্রফুল্ল চন্দ্র ভবন, ডিকে-৭/১, সেক্টর-২, বিধাননগর, কলকাতা - ৭০০০১১

বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ কর্তৃক ২৮/০৯/২০১৫ তারিখের টেট পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তির ক্রমান্বয়ে এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো হচ্ছে যে উক্ত পরীক্ষাটি ১১/১০/২০১৫ (রবিবার) তারিখ বেলা ২টা থেকে বিকেল ৪-৩০ মিঃ পর্যন্ত অনুষ্ঠিত হবে। এই সংক্রান্ত কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পুনরায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে :-

- বিগত টেট ২০১২ এর অসফল পরীক্ষার্থীদের নির্ধারিত পরীক্ষাকেন্দ্রের প্রবেশদ্বারে ২০১২ সালের অরিজিনাল টেট অ্যাডমিট কার্ড ও ডাউনলোড করা অ্যাকনলেজমেন্ট রসিদ/স্মিলপ (দুইটিরই ফটোকপি-সহ) অবশ্যই দেখাতে হবে। ফটোকপিগুলি পরীক্ষা কক্ষে জমা রাখা হবে।
- যেসকল পরীক্ষার্থী ইউনাইটেড ব্যাঙ্কের মাধ্যমে ২০১৪ সালে টাকা জমা দিয়ে ২০১৫ সালে অ্যাডমিট কার্ড ডাউনলোড করেছেন তাঁদেরকে নির্ধারিত পরীক্ষাকেন্দ্রের প্রবেশদ্বারে যথাযথভাবে পূরণ করা নিজস্ব ছবি-সহ দুইটি অ্যাডমিট কার্ড অবশ্যই দেখাতে হবে। একটি অ্যাডমিট কার্ড পরীক্ষার কক্ষে জমা দিতে হবে।
- যেসকল পরীক্ষার্থী ২০১৫ সালে নতুন আবেদনপত্র (ফর্ম) জমা দিয়েছেন তাঁদেরকে নির্ধারিত পরীক্ষাকেন্দ্রের প্রবেশদ্বারে নিজস্ব ছবি-সহ যথাযথভাবে পূরণ করা অ্যাডমিট কার্ডের দুইটি অংশ অবশ্যই দেখাতে হবে। একটি অংশ পরীক্ষার কক্ষে জমা দিতে হবে।
- সমস্ত টেট পরীক্ষার্থীকে নির্ধারিত পরীক্ষাকেন্দ্রে পরীক্ষা শুরুর অন্তত এক ঘণ্টা পূর্বে অর্থাৎ বেলা ১ টার মধ্যে অবশ্যই পৌঁছতে হবে।
- পরীক্ষাকেন্দ্রে সেন্টার-ইন-চার্জ এর সিদ্ধান্তই চূড়ান্ত।
- সমস্তরকম বৈদ্যুতিন সরঞ্জাম যেমন, মোবাইল ফোন, ক্যালকুলেটর ইত্যাদি - সহ পরীক্ষাকেন্দ্রে প্রবেশ কঠোরভাবে নিষিদ্ধ।
- অন্যের হয়ে পরীক্ষা দেওয়া, জাল নথি প্রদর্শন এবং অপরের ছবি ব্যবহারে কঠোর পদক্ষেপ নেওয়া হবে।
- O.M.R. Sheet পূরণ করার জন্য অবশ্যই কালো কালির বল-পয়েন্ট পেন ব্যবহার করতে হবে।

তারিখঃ ০৯/১০/২০১৫

স্বাঃ/-
সচিব